

## সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৮৬

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ উম্মতে মুহাম্মাদির ফযিলত

আরবী

86- عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يُدْعَى نُوحٌ يَوْمَ الْقِيَامَةِ فَيَقُولُ: لَبَّيْكَ وَسَعْدَيْكَ يَا رَبِّ، فَيَقُولُ: هَلْ بَلَغْتَ؟ فَيَقُولُ: نَعَمْ، فَيُقَالُ لِأُمَّتِهِ: هَلْ بَلَغَكُمْ؟ فَيَقُولُونَ: مَا أَتَانَا مِنْ نَذِيرٍ، فَيَقُولُ: مَنْ يَشْهَدُ لَكَ؟ فَيَقُولُ: مُحَمَّدٌ وَأُمَّتُهُ، فَتَشْهَدُونَ أَنَّهُ قَدْ بَلَغَ - وَيَكُونُ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا - فَذَلِكَ قَوْلُهُ جَلَّ ذِكْرُهُ: ﴿وَكَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا﴾ (وَالْوَسْطُ الْعَدْلُ)». (خ, ت, ج ه) صحيح

বাংলা

৮৬. আবু সাঈদ খুদরি রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “কিয়ামতের দিন নুহ আলাইহিস সালামকে ডাকা হবে, তিনি বলবেন: সদা উপস্থিত, আপনার সমুপস্থিতি বিধান আমি সদা তৎপর হে আমার রব, তিনি বলবেন: তুমি পৌঁছিয়েছ? তিনি বলবেন: হ্যাঁ, তার উম্মতকে বলা হবে: সে তোমাদের পৌঁছিয়েছে? তারা বলবে: আমাদের নিকট কোন সতর্ককারী আসে নি। তিনি বলবেন: তোমার জন্য কে সাক্ষী দিবে? তিনি বলবেন: মুহাম্মদ ও তার উম্মত, অতঃপর তারা সাক্ষ্য দিবে যে, নিশ্চয় তিনি পৌঁছিয়েছেন, আর রাসূল হবেন তোমাদের সাক্ষী। এ হচ্ছে আল্লাহ তা’আলার বাণী:

﴿وَكَذَلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا لِتَكُونُوا شُهَدَاءَ عَلَى النَّاسِ وَيَكُونَ الرَّسُولُ عَلَيْكُمْ شَهِيدًا﴾ (البقرة: ১৪৩) «وَالْوَسْطُ الْعَدْلُ».

“আর এভাবেই আমি তোমাদেরকে মধ্যপন্থী ঐ উম্মত বানিয়েছি, যাতে তোমরা মানুষের উপর ঐ সাক্ষী হও এবং রাসূল সাক্ষী হন তোমাদের ঐ উপর”। [১] ওয়াসাত অর্থ ইনসাফপূর্ণ পথ বা মধ্যমপন্থার অনুসারী”। [বুখারি, তিরমিযি ও ইবনু মাজাহ] হাদিসটি সহীহ।

ফুটনোট

[1] সূরা বাকারা: (১৪৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21400>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন